CAPSTONE

# Bangla Lecture#02

# পেট্রোবাংলা স্পেশাল কোর্স




## Overview

- শব্দের শ্রেণিবিভাগ ও শব্দ ভাণ্ডার
- সন্ধি
- বাংলা বানান রীতি ও বানান শুদ্ধীকরণ
- ণত্ব ও ষত্ব বিধান
- শ্রীকৃষ্ণকীর্তন
- বৈষ্ণব পদাবলি

**Name:** **Batch:**

Panthapath : 01972-277866
Mirpur : 01970-985421
Mouchak : 01999-017011
Chittangong : 01970-985420

# লেকচার শীট-১ এর উপর মেমোরি টেস্ট-১

সময়: ১০ মিনিট　　প্রাপ্ত নম্বর: ______　　পূর্ণমান: ২০

১. চর্যাপদের ভাষাকে সন্ধ্যা ভাষা বলেছেন-
ক. বিজয়চন্দ্র মজুমদার　খ. মুহম্মদ শহীদুল্লাহ　গ. সুনীতিকুমার চট্টোপাধ্যায়　ঘ. হরপ্রসাদ শাস্ত্রী

২. বাংলা সাহিত্যের অন্ধকার যুগের ব্যাপ্তিকাল কত?
ক. ৯৫০ থেকে ১২০০ খ্রিস্টাব্দ　খ. ১২০১ থেকে ১৩৫০ খ্রিস্টাব্দ　গ. ১৩৫১ থেকে ১৭০০ খ্রিস্টাব্দ　ঘ.১৫০১ থেকে ১৬০০ খ্রিস্টাব্দ

৩. বাংলা সাহিত্যের প্রথম নিদর্শন চর্যাপদের কতটি পদ পাওয়া গিয়েছে?
ক. ছেচল্লিশটি　খ. সাড়ে ছেচল্লিশটি　গ. পঞ্চাশটি　ঘ. একান্নটি

৪. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে, চর্যাপদের সর্বাপেক্ষা প্রাচীন কবি কে?
ক. বিরুপা　খ. ভুসুকুপা　গ. লুইপা　ঘ. শবরপা

৫. চর্যাপদের কোন পদটি খণ্ডিত আকারে পাওয়া যায়?
ক. ৪০নং　খ. ২৩নং　গ. ১৩নং　ঘ. ৩৬নং

৬. 'বাগধারা' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. অর্থতত্ত্ব　খ. ধ্বনিতত্ত্ব　গ. বাক্যতত্ত্ব　ঘ. রূপতত্ত্ব

৭. শাক > শাগ কোন ধরনের ধ্বনি পরিবর্তন?
ক. ব্যঞ্জন বিকৃতি　খ. অন্তর্হতি　গ. ব্যঞ্জনচ্যুতি　ঘ. কোনোটিই নয়

৮. নিচের কোনটি অপিনিহিতি ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
ক. আজি > আজ　খ. চারি > চার　গ. অলাবু > লাবু > লাউ　ঘ. আজি > আইজ

৯. নিচের কোনটি বিপ্রকর্ষ ধ্বনি পরিবর্তনের উদাহরণ?
ক. আটমেসে > আটাসে　খ. কুটুম্ব > কুটুম　গ. লজ্জা > লাজ　ঘ. ধর্ম > ধরম

১০. একই স্বরের পুনরাবৃত্তি দূর করার জন্য মাঝখানে যখন স্বরধ্বনি যুক্ত হয় তখন তাকে কী বলে?
ক. স্বরসঙ্গতি　খ. অসমীকরণ　গ. মধ্য স্বরাগম　ঘ. সমীভবন

১১. কোনটি পশ্চাৎ স্বরধ্বনি?
ক. অ্যা　খ. ই　গ. উ　ঘ. আ

১২. নিচের কোনটি ঘোষ ব্যঞ্জনধ্বনি?
ক. হ　খ. প　গ. ফ　ঘ. ত

১৩. কোনটি অর্ধ-সংবৃত স্বরধ্বনি?
ক. এ　খ. ই　গ. অ　ঘ. উ

১৪. বাংলা লিপি কোন লিপি থেকে উৎপত্তি লাভ করেছে?
ক. অশোক লিপি　খ. প্রকৃত লিপি　গ. ব্রাহ্মী লিপি　ঘ. খরোষ্ঠী লিপি

১৫. বাংলা লিপির গঠনকাজ শুরু হয় কোন আমলে?
ক. গুপ্ত আমলে　খ. সেন আমলে　গ. মৌর্য আমলে　ঘ. পাল আমলে

১৬. প্রথম বাংলা ব্যাকরণ কোন ভাষায় রচিত?
ক. ইংরেজি　খ. ফারসি　গ. পর্তুগিজ　ঘ. ফরাসি

১৭. ড. মুহম্মদ শহীদুল্লাহর মতে কোন অংশ থেকে বাংলা ভাষার উৎপত্তি?
ক. মাগধী অপভ্রংশ　খ. গৌড়ী প্রাকৃত　গ. মাগধী প্রাকৃত　ঘ. গৌড়ী অপভ্রংশ

১৮. 'ষ-ত্ব ও ণ-ত্ব বিধান' ব্যাকরণের কোন অংশের আলোচ্য বিষয়?
ক. ধ্বনিতত্ত্ব　খ. রূপতত্ত্ব　গ. বাক্যতত্ত্ব　ঘ. অর্থতত্ত্ব

১৯. বাংলা ভাষায় প্রথম ব্যাকরণ রচনা করেন-
ক. সুনীতিকুমার চট্টোপাধ্যায়　খ. ম্যানোয়েল দ্যা আসসুম্পসাঁউ　গ. রাজা রামমোহন রায়　ঘ. উইলিয়াম কেরি

২০. নিম্নের কোনটি অর্ধস্বরধ্বনি?
ক. অ　খ. আ　গ. উ　ঘ. ঊ

# বাংলা ব্যাকরণ

## শব্দের শ্রেণিবিভাগ ও শব্দ ভাণ্ডার

এক বা একাধিক ধ্বনি বা বর্ণ মিলে কোনো অর্থ প্রকাশ করলে তাকে শব্দ বলে। অর্থবোধক ধ্বনি ও ধ্বনি সমষ্টিকে শব্দ বলা হয়। বাক্যের মৌলিক উপাদান শব্দ। শব্দকে বাক্যের একক বলা হয় অর্থাৎ বাক্যের বাহন হলো শব্দ। শব্দের ক্ষুদ্রতম অংশ হলো ধ্বনি।

| শব্দের শ্রেণিবিভাগ | | |
|---|---|---|
| **ক. উৎস অনুসারে** | **খ. গঠন অনুসারে** | **গ. অর্থ অনুসারে** |
| ১. তৎসম শব্দ | ১. মৌলিক শব্দ | ১. যৌগিক শব্দ |
| ২. তদ্ভব শব্দ | ২. সাধিত শব্দ | ২. রূঢ়ি শব্দ |
| ৩. দেশি শব্দ | | ৩. যোগরূঢ় শব্দ |
| ৪. বিদেশি শব্দ | | |

| বাংলা ভাষায় বিভিন্ন শব্দের অনুপাত | | | |
|---|---|---|---|
| ১. তৎসম শব্দ | | ২৫% | |
| ২. বাংলা শব্দ | খ. অর্ধ-তৎসম শব্দ | ৫% | ৭৫% |
| | গ. তদ্ভব শব্দ | ৬০% | |
| | ঘ. দেশি শব্দ | ২% | |
| | ঙ. বিদেশি শব্দ | ৮% | |
| সর্বমোট | | ১০০% | |

### ক. উৎস অনুসারে শব্দের শ্রেণিবিভাগ:

**১. তৎসম শব্দ:** তৎসম অর্থ তার (তৎ) সম (সমান)। তৎসম একটি পারিভাষিক শব্দ, যার মূল সংস্কৃত। যেসব শব্দ সংস্কৃত থেকে সরাসরি বাংলায় এসেছে এবং যাদের রূপ অপরিবর্তিত রয়েছে, সেসব শব্দকে তৎসম শব্দ বলে। যেমন: চন্দ্র, সূর্য, নক্ষত্র, ভবন, ধর্ম, পাত্র, মনুষ্য, ব্যাকরণ, চরণ, তৃণ, অগ্রহায়ণ, ভাষা, বৈষ্ণব, গৃহ, কৃষি, ঋষি, পুত্র, পৃথিবী, আকাশ, গ্রহ, বৃক্ষ ইত্যাদি।

**২. তদ্ভব শব্দ:** যেসব শব্দের মূল সংস্কৃত ভাষায় পাওয়া যায়, কিন্তু ভাষার স্বাভাবিক বিবর্তন ধারায় প্রাকৃতের মাধ্যমে পরিবর্তিত হয়ে আধুনিক বাংলা ভাষায় স্থান করে নিয়েছে, সেসব শব্দকে বলে তদ্ভব শব্দ। তদ্ভব শব্দগুলোকে খাঁটি বাংলা শব্দও বলা হয়। যেমন:

| সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব | সংস্কৃত | প্রাকৃত | তদ্ভব |
|---|---|---|---|---|---|
| ঘৃত | ঘিঅ | ঘি | পাদ | পাঅ | পা |
| চর্মকার | চম্মআর | চামার | হস্ত | হত্থ | হাত |
| চন্দ্র | চন্দ | চাঁদ | মাতা | মাআ | মা |
| কান, নাক, জিভ, দাঁত, হাতি, ঘোড়া, সাপ, পাখি, কুমির | | | | | |

**৩. দেশি শব্দ:** বাংলাদেশের আদিম অধিবাসীদের (কোল, মুণ্ডা) ভাষা ও সংস্কৃতির কিছু কিছু উপাদান বাংলায় রক্ষিত হয়েছে, এসব শব্দকে দেশি শব্দ নামে অভিহিত করা যায়। অনার্য জাতির ব্যবহৃত শব্দও দেশি শব্দ। যেমন:

| | |
|---|---|
| কোল ভাষা | কুড়ি (বিশ) |
| তামিল ভাষা | পেট (উদর) |
| মুণ্ডারী ভাষা | চুলা (উনুন) |
| এরূপ: কুলা, গঞ্জ, চোঙ্গা, টোপর, ডাব, ডাগর, ডিঙ্গা, ঢেঁকি, ঢেংরা, লাউ, ডোবা। | |

**৪. বিদেশি শব্দ:** রাজনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলায় আগত বিভিন্ন ভাষাভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে স্থান করে নিয়েছে, এগুলোই বিদেশি শব্দ। যেমন: স্কুল, চানাচুর, রিক্সা, চকলেট ইত্যাদি।

### খ. গঠন অনুসারে শব্দের শ্রেণিবিভাগ:

**১. মৌলিক শব্দ:** যে শব্দ বিশ্লেষণ করা যায় না বা ভেঙে আলাদা করা যায় না, সেগুলোকে মৌলিক শব্দ বলে। মৌলিক শব্দগুলোই হচ্ছে ভাষার মূল উপকরণ। যেমন: গোলাপ, নাক, লাল, তিন, গাছ, পাখি, ফুল, হাত ইত্যাদি।

**২. সাধিত শব্দ:** যেসব শব্দকে বিশ্লেষণ করলে আলাদা অর্থবোধক শব্দ পাওয়া যায়, সেগুলোকে সাধিত শব্দ বলে। সাধারণত একাধিক শব্দের সমাস, প্রত্যয় বা উপসর্গ যোগ হয়ে সাধিত শব্দ গঠিত হয়। যেমন: পরিচালক, সম্পাদকীয়।

| | |
|---|---|
| নীলাকাশ (নীল যে আকাশ) | গরমিল (গর+মিল) |
| চলন্ত (চল্+অন্ত) | প্রশাসন (প্র+শাসন) |
| চাঁদমুখ (চাঁদের মতো মুখ) | সংসদ সদস্য, ফিসফিস, ধুমধাম |

♦ সাধিত শব্দ গঠনের প্রক্রিয়া/ বাংলা ভাষায় শব্দ গঠনের প্রক্রিয়া:

| | | | |
|---|---|---|---|
| **সন্ধি যোগে** | বিদ্যা+আলয় = বিদ্যালয় | **উপসর্গ যোগে** | প্র+ভাব = প্রভাব |
| **সমাস যোগে** | দশ আনন যার = দশানন | **প্রত্যয় যোগে** | ডুব+উরি = ডুবুরি |
| **বিভক্তি যোগে** | মানুষ+কে = মানুষকে | | |

**গ. অর্থ অনুসারে শব্দের শ্রেণিবিভাগ:**

**১. যৌগিক শব্দ:** যে সকল শব্দের ব্যুৎপত্তিগত অর্থ ও ব্যবহারিক অর্থ একই রকম, সেগুলোকে যৌগিক শব্দ বলে। যেমন:

| যৌগিক শব্দ | বিশ্লেষণ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক অর্থ |
|---|---|---|---|
| গায়ক | গৈ+ণক (অক) | গান করে যে | গান করে যে |
| পিতৃহীন | পিতা+হীন | যার পিতা নেই | যার পিতা নেই |
| দৌহিত্র | দুহিতা+ষ্ণ্য | কন্যার পুত্র বা নাতি | কন্যার পুত্র বা নাতি |
| কর্তব্য | কৃ+তব্য | যা করা উচিত | যা করা উচিত |
| বাবুয়ানা | বাবু+আনা | বাবুর ভাব | বাবুর ভাব |
| গোলাপি | গোলাপ+ই | গোলাপের মত রং | গোলাপের মত রং |
| পক্ষী | পক্ষ+ইন | পক্ষ (ডানা) আছে যার | পক্ষ (ডানা) আছে যার |
| মধুর | মধু+র | মধুর মতো মিষ্টি গুণ যুক্ত | মধুর মতো মিষ্টি গুণ যুক্ত |
| মিতালি | মিতা+আলি | বন্ধুর মতো ভাব | বন্ধুর মতো ভাব |
| পাগলামি | পাগল+আমি | পাগলের মতো ভাব | পাগলের মতো ভাব |

**২. রূঢ়ি শব্দ:** যে শব্দ প্রত্যয় বা উপসর্গযোগে মূল শব্দের অনুগামী না হয়ে, অন্য কোনো বিশিষ্ট অর্থ জ্ঞাপন করে, তাকে রূঢ়ি শব্দ বলে। যেমন:

| রূঢ়ি শব্দ | বিশ্লেষণ | ব্যুৎপত্তিগত অর্থ | ব্যবহারিক অর্থ |
|---|---|---|---|
| হস্তী | হস্ত+ইন | হস্ত আছে যার | পশু বিশেষ |
| প্রবীণ | প্র+বীণ | প্রকৃষ্ট বীণা বাজাতে পারেন যিনি | বয়স্ক ব্যক্তি |
| গবেষণা | গো+এষণা | গোরু খোঁজা | ব্যাপক পর্যালোচনা |
| সন্দেশ | সম+দেশ | কোনো সংবাদ | মিষ্টান্ন বিশেষ |
| বাঁশি | বাঁশ+ই | বাঁশ দিয়ে তৈরি যে কোনো বস্তু | এক ধরণের বাদ্যযন্ত্র |
| হরিণ | হৃ+ইন | হৃদয় আছে যার | পশু বিশেষ |
| তৈল | তিল+ষ্ণ | তেলের তৈরি যে কোনো পদার্থ | উদ্ভিজ্জ স্নেহ পদার্থ |
| গবাক্ষ | গো+অক্ষ | গোরুর অক্ষ | জানালা |

**৩. যোগরূঢ় শব্দ:** সমাসনিষ্পন্ন শব্দ যদি ব্যুৎপত্তিগত অর্থ থেকে ভিন্ন কোনো ব্যবহারিক অর্থ ধারণ করে তবে তাকে যোগরূঢ় শব্দ বলে। যেমন:

| শব্দ | বিশেষ অর্থ | স্বাভাবিক অর্থ |
|---|---|---|
| জলদ | মেঘ | জল দেয় যে (বৃষ্টি, টিউবওয়েল) |
| বলদ | বোকা | বল দেয় যে (মেশিন) |
| তুরঙ্গম | ঘোড়া | যা তাড়াতাড়ি যায় (বিমান, রকেট) |
| জলধি | সমুদ্র | জল ধারণ করে যে (গ্লাস, নদী, সাগর, বোতল, পুকুর) |
| রাজপুত | জাতি | রাজার পুত্র |
| পঙ্কজ | পদ্মফুল | পঙ্কে জন্মে যা (শৈবাল, শালুক) |
| সরোজ | পদ্মফুল | সরোবরে জন্মে যা (শৈবাল, শালুক) |
| উদ্ভিদ | বৃক্ষ | মাটি ভেদ করে উঠে যা (কেঁচো, আগ্নেয়গিরি) |
| মহাযাত্রা | মৃত্যু | মহা সমারোহে যাত্রা |
| বেতার | বাদ্যযন্ত্র | নেই তার যার (মোবাইল) |
| আদিত্য | সূর্য | অদিতির পুত্র |
| অচল | পর্বত | যা নড়াচড়া করে না (যেকোন জড় পদার্থ। যেমন: চেয়ার, টেবিল) |
| সুহৃদ | বন্ধু | সুন্দর হৃদয় যার (সুন্দর হৃদয় যে কোনো মানুষের থাকতে পারে) |
| কবিগুরু | রবীন্দ্রনাথ | কবিদের গুরু যিনি (প্রত্যেক দেশেই একজন কবিদের গুরু থাকতে পারে) |

## শব্দ ভাণ্ডার

♦ **তৎসম শব্দ:** ঈশ্বর, ঈশান, উর্ধ্ব, ঊর্মি, ঋজু, ঋষি, চাণক্য, মাণিক্য, তৃণ, ঋণ, পাষাণ, মানুষ, শিক্ষা, পরীক্ষা, চক্ষু, নক্ষত্র, যক্ষ্মা, লক্ষ্মী, লক্ষ্মণ, উত্তরণ, উত্তরায়ণ, উত্তরসূরি, দক্ষিণা, দক্ষিণায়ন, পূর্বজন্ম, পূর্বপুরুষ, পূর্বাচল, পূর্বাভাস, পূর্বাশা, পূর্বশর্ত, পশ্চিমা, অগ্নিকুন্ড, অগ্নিকন্যা, অগ্নিপরীক্ষা, বায়ুগতি, বায়ুপ্রবাহ, ঊর্ধ্বগামী, ঊর্ধ্বশ্বাস, অধঃপতন, অধঃস্থ, সাহিত্য, শ্রবণ, উৎকণ্ঠা, উৎকৃষ্ট, মৎস, বৎস, যুগপৎ, স্বতঃস্ফূর্ত।

♦ **তদ্ভব শব্দ:** পাল, রানি, চরকায়, সুতা, নথ, মাথায়, খোপা, ঘোমটা, হাট, গাড়ি, বাড়ি, চামার, চাহিদা, চিংড়ি, ট্যাংরা, ঝিঙা, লাউ, হাড়ি, চুলা, শিখ, ডন, কুড়ি, বৌদি, পাতা, কালো, চোখ, মোটা, লাঠি, খুকি, ডিগবাজি, মই, মাচা, কুলা, চিড়া, খৈ, চিনি, পিঠা, হাতে, তেঁতুল, টক, ছাও।

**গুরুত্বপূর্ণ কিছু দেশি শব্দের উদাহরণ:**

| | |
|---|---|
| মাছ | টেংরা, চেলা, পারশে, পোনা, বাটা, লেঠা, বিঠা, গজাল, কাতলা ইত্যাদি। |
| ফলমূল ও খাদ্যদ্রব্য | কদু, জলপাই, জারুল, ফোঁপর, টেপারি, ধুন্দল, লাউ, থানকুনি, থোড়, নটে, আমানি, মালপো, বাতাসা, ধনিচা, নিসিন্দা, হোগলা, উচ্ছে ইত্যাদি। |
| গৃহস্থালী জিনিসপত্র | খালুই, চাড়ি, চিমটা, ঝাটা, ঢেঁকি, পাতিল, বাখরি, বাতা, বিচালি, সেঁউতি ইত্যাদি। |
| জীবজন্তু ও পশুপাখি | হুতুম, হোল, হাঁড়ি, নেংটি, বাবুই, খেকশিয়াল ইত্যাদি। |
| অন্যান্য শব্দ | কুড়ি, ডাব, ট্যাঙ্গা, চিক, ডোম, মুড়ি, কোঁচ, ডুগি, দাবা, মাকরি, ছোকরা, ডালনা, আড্ডা, চাটাই, ডোবা, মই, মাচা, বোরা, বাখারি, পয়লা, ঝাল, ঝিনুক, আটি, আছাড়, ডিগবাজি, বাদুড়, আলু, কচি, ঠাঁসা, পোকা ইত্যাদি। |

♦ **বিদেশি শব্দ:** রাজনৈতিক, ধর্মীয়, সংস্কৃতিগত ও বাণিজ্যিক কারণে বাংলাদেশে আগত অন্যভাষী মানুষের বহু শব্দ বাংলায় এসে জায়গা করে নিয়েছে। এসব শব্দকে বিদেশি শব্দ বলে। এসব বিদেশি শব্দের মধ্যে আরবি, ফারসি এবং ইংরেজি শব্দের পরিমাণ বেশি।

| | | |
|---|---|---|
| আরবি শব্দ | প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ | আদালত, আলেম, ইনসান, ঈদ, উকিল, ওজর, এজলাস, এলেম, কানুন, কলম, কিতাব, কেচ্ছা, খারিজ, গায়েব, দোয়াত, নগদ, বাকি, মহকুমা, মুন্সেফ, মোক্তার, রায় ইত্যাদি। |
| | ধর্মসংক্রান্ত শব্দ | আল্লাহ, ইসলাম, ঈমান, ওজু, কোরবানি, কুরআন, কিয়ামত, গোসল, জান্নাত, জাহান্নাম, তওবা, তসবি, যাকাত, হজ্জ, হদিস, হারাম ইত্যাদি। |

| | | |
|---|---|---|
| ফারসি শব্দ | প্রশাসনিক ও সাংস্কৃতিক শব্দ | আইন, কারখানা, চশমা, জবানবন্দি, তারিখ, তোশক, দফতর, দরবার, দোকান, দস্তখত, দৌলত, নালিশ, বাদশাহ, বান্দা, মেথর, রসদ ইত্যাদি। |
| | ধর্মসংক্রান্ত শব্দ | খোদা, গুনাহ, দোজখ, নামাজ, পয়গম্বর, ফেরেশতা, বেহেশত, রোজা ইত্যাদি। |
| | বিবিধ শব্দ | আদমি, আমদানি, আসমান, জানোয়ার, জিন্দা, নমুনা, বদমাশ, রপ্তানি, হাঙ্গামা ইত্যাদি। |

* **নোট:** 'আইন' ব্যতীত অধিকাংশ আইন-আদালত সংক্রান্ত শব্দ 'আরবি' থেকে আগত।

| | | |
|---|---|---|
| ইংরেজি শব্দ | অনেকটা ইংরেজি উচ্চারণে | ইউনিভার্সিটি, ইউনিয়ন, কলেজ, টিন, নভেল, নোট, পাউডার, পেন্সিল, ব্যাগ, ফুটবল, মাস্টার, লাইব্রেরি, স্কুল ইত্যাদি। |
| | পরিবর্তিত উচ্চারণে | আফিম (Opium), অফিস (Office), ইস্কুল (School), বাক্স (Box), হাসপাতাল (Hospital), বোতল (Bottle) ইত্যাদি। |

♦ **অন্যান্য বিদেশি শব্দ:**

| | |
|---|---|
| তুর্কি | উজবুক, উর্দি, উর্দু, কঞ্চি, কাবু, কুর্নিশ, কুলি, কোর্মা, খাঁ, খান, চকমক, চিক, চোগা, চারু, ঝকমক, ঠাকুর, তকমা, তোপ, দারোগা, তুর্ক, বাবা, বেগম, বাবুর্চি, মোগল, লাশ, সওগাত ইত্যাদি। |
| পর্তুগিজ | আনারস, আলপিন, পাউরুটি, চাবি, কফি, কাকাতুয়া, কেরানি, গির্জা, গোলাপ, আলকাতরা, আলমারি, বোমা, বোতাম, বালতি, বন্দর, বাসন, নিলাম, পেঁপে, বাতাবি, সাবান, টুপি, ফিতা, আতা, গামলা, পাদ্রি, পিরিচ, পেরেক, ইংরেজ, বর্গা। |
| ফরাসি | এলিট, কার্তুজ, কুপন, খোরাকি, ডিপো, রেস্তোরাঁ, ক্যাফে, বুর্জোয়া, মাদাম, ব্যালে, গ্যারেজ, মেনু, বুফে, পিজা, সেমিজ, বিস্কুট, আঁতাত, জাহাজ, আঁশ, ম্যাটিনি, রেনেসাঁ, দিনেমার, প্রোগ্রাম ইত্যাদি। |
| ওলন্দাজ | ইস্কাপন, টেক্কা, তুরুপ, রুইতন, হরতন। |
| হিন্দি | বার্তা, পানি, পুরি, টহল, বাচ্চা, চানাচুর, মিঠাই, কাহিনি, খানাপিনা, সাচ্চা, চাচা, চাচি, দাদা, নানা, লুচি ইত্যাদি। |
| গুজরাটি | খদ্দর, খাদি, হরতাল, জয়ন্তি, গরবা, চরকা। |
| সিংহলি | সিডর, বেরিবেরি। |
| পাঞ্জাবি | চাহিদা, শিখ, খলসা, গুরুদুয়ার। |
| ইতালিয়ান | সনেট, মাফিয়া, ম্যাজেন্টা। |
| মেক্সিকান | চকোলেট |
| রুশ | কমরেড |
| দ.আফ্রিকা | জেব্রা, জিরাফ |
| জার্মান | নাৎসি, কিন্ডারগার্টেন |
| চিনা | চা, চিনি, লিচু, এলাচি, তুফান, সাম্পান, লবি ইত্যাদি। |
| বর্মি | কিয়াং, লুঙ্গি, ফুঙ্গি, লাম, ঠোঙ্গা, প্যাগোডা ইত্যাদি। |
| জাপানি | রিকশা, হারিকিরি, জুডো, হাসনাহেনা, সুনামি ইত্যাদি। |
| গ্রিক | দাম, কেন্দ্র, সুরঙ্গ ইত্যাদি। |

- **মিশ্র শব্দ:** কোনো কোনো সময় দেশি ও বিদেশি শব্দের মিলনে শব্দ দ্বৈত সৃষ্টি হয়, তা হলো মিশ্র শব্দ। যেমন:

| গঠিত শব্দ | ভাষা | গঠিত শব্দ | ভাষা |
|---|---|---|---|
| হাট-বাজার | বাংলা+ফারসি | জবাবদিহি | আরবি+ফারসি |
| হেড-মৌলভী | ইংরেজি+ফারসি | চৌহদ্দি | ফারসি+আরবি |
| হেড-পণ্ডিত | ইংরেজি+তৎসম | শাকসবজি | তৎসম+ফারসি |
| খ্রিস্টাব্দ | ইংরেজি+তৎসম | শ্রমিকমালিক | তৎসম+আরবি |
| খ্রিস্টান | ইংরেজি+তৎসম | ডাক্তার-খানা | ইংরেজি+ফারসি |
| পকেটমার | ইংরেজি+বাংলা | ডাক্তারবাবু | ইংরেজি+হিন্দি |
| মাস্টারমশাই | ইংরেজি+সংস্কৃত | রাজা-বাদশা | তৎসম+ফারসি |
| কালিকলম | সংস্কৃত+আরবি | আইনজীবী | ফারসি+তৎসম |
| ফুলদানি | ইংরেজি+ফারসি | ভোটদাতা | ইংরেজি+সংস্কৃত |
| কৃষ্টি-কালচার | সংস্কৃত+ইংরেজি | চাবিকাঠি | পর্তুগিজ+সংস্কৃত |
| চা-নাস্তা | চৈনিক+ফারসি | হাসিখুশি | সংস্কৃ+ফারসি |

- **উপসর্গযোগে গঠিত শব্দ:**

| | | | | | |
|---|---|---|---|---|---|
| বেটাইম | ফারসি উপসর্গ + ইংরেজি শব্দ | বেহেড | ফারসি উপসর্গ + ইংরেজি শব্দ | নিটল | বাংলা উপসর্গ + তৎসম শব্দ |

## সন্ধি

- 'সন্ধি' শব্দের অর্থ মিলন বা সংযোগ। পাশাপাশি দুটি বর্ণ বা ধ্বনির মিলনকে সন্ধি বলে। পাশাপাশি দুটি ধ্বনি দ্রুত উচ্চারণের ফলে কখনো একটি ধ্বনিতে পরিণত হয়, কখনো একটি ধ্বনির লোপ হয় বা একটির রূপান্তর হয় এবং কখনো বা দুটি ধ্বনিই রূপান্তরিত হয়ে নতুন ধ্বনি তৈরি করে।

যেমন: → ধ্বনির মিলন বা রূপান্তর: রবি+ইন্দ্র = রবীন্দ্র। → ধ্বনি লোপ: হিম+আলয় = হিমালয়।
→ পূর্বধ্বনির বিকৃতি: চিৎ+ময় = চিন্ময়। → পরধ্বনির বিকৃতি: রাজ+নী = রাজ্ঞী।
→ উভয় ধ্বনির বিকৃতি: উৎ+হত = উদ্ধত।

- **সন্ধির উদ্দেশ্য** : ক. স্বাভাবিক উচ্চারণে সহজপ্রবণতা। খ. ধ্বনিগত মাধুর্য সম্পাদন।
- **সন্ধির প্রকারভেদ** : সন্ধি তিন প্রকার। যথা: স্বরসন্ধি, ব্যঞ্জনসন্ধি ও বিসর্গ সন্ধি।

- **স্বরসন্ধি:** স্বরধ্বনির সাথে স্বরধ্বনি মিলে যে সন্ধি গঠিত হয় তাকে স্বরসন্ধি বলে। বিভিন্ন উপায়ে স্বরসন্ধি গঠিত হতে পারে। যেমন-

১. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনি পর অ-ধ্বনি কিংবা আ-ধ্বনি থাকলে উভয় মিলে 'আ-কার' হয়। 'আ-কার' পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন:

গীত + অঞ্জলি = গীতাঞ্জলি | অন্য + অন্য = অন্যান্য | হিত + অহিত = হিতাহিত
আদ্য + অক্ষর = আদ্যাক্ষর | মহা + অর্ঘ = মহার্ঘ | স্ব + অধিকার = স্বাধিকার
যথা + অর্থ = যথার্থ | হিম + আলয় = হিমালয় | অপর + অপর = অপরাপর
পর + অধীন = পরাধীন | কুশ + আসন = কুশাসন | ছাত্র + আবাস = ছাত্রাবাস

২. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনির পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয় মিলে 'এ-কার' হয়। 'এ-কার' পূর্ববর্তী ব্যঞ্জনের সঙ্গে যুক্ত হয়। যেমন:

শুভ + ইচ্ছা = শুভেচ্ছা | স্ব + ইচ্ছা = স্বেচ্ছা | যথা+ইষ্ট = যথেষ্ট
অব + ঈক্ষণ = অবেক্ষণ | মহা + ঈশ = মহেশ | নর + ঈশ = নরেশ
শ্রবণ + ইন্দ্রিয় = শ্রবণেন্দ্রিয় | পরম + ঈশ্বর = পরমেশ্বর

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'এ-কার' (ে) থাকলে বিচ্ছেদের সময় 'এ-কার' এর পরিবর্তে বানানের নিয়মানুযায়ী 'ই/ঈ' বসে।]

৩. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনির পর উ-ধ্বনি (হ্রস্ব-উ কার কিংবা দীর্ঘ-ঊ কার) থাকলে উভয় মিলে 'ও-কার' হয়। 'ও-কার' পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন:

সূর্য + উদয় = সূর্যোদয় | এক + উনবিংশতি = একোনবিংশতি | যথা + উচিত = যথোচিত
নব + ঊঢ়া = নবোঢ়া | মহা + উৎসব = মহোৎসব | দুর্গা + উৎসব = দুর্গোৎসব
হিত + উপদেশ = হিতোপদেশ | আদ্য + উপান্ত = আদ্যোপান্ত

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'ও-কার' (ো) থাকলে বিচ্ছেদের সময় 'ও-কার' এর পরিবর্তে বানানের নিয়মানুযায়ী 'উ/ঊ' বসে।]

৪. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনির পর এ-কার (ে) কিংবা ঐ-কার (ৈ) থাকলে উভয়ে মিলে 'ঐ-কার' হয়। 'ঐ-কার' পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।

জন + এক = জনৈক | মহা + ঐশ্বর্য = মহৈশ্বর্য | মত + ঐক্য = মতৈক্য
রাজ + ঐশ্বর্য = রাজৈশ্বর্য | হিত + এষী = হিতৈষী | তথা + এব = তথৈব

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'ঐ-কার' (ৈ) থাকলে বিচ্ছেদের সময় 'ঐ-কার' এর পরিবর্তে বানানের নিয়মানুযায়ী 'এ/ঐ' বসে।]

৫. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনির পর ও-কার (ো) কিংবা ঔ-কার (ৌ) থাকলে উভয় মিলে 'ঔ-কার' হয়। 'ঔ-কার' পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।

| | | |
|---|---|---|
| বন + ওষধি = বনৌষধি | মহা + ঔষধ = মহৌষধ | মহা+ ওষধি = মহৌষধি |
| জল+ওকা = জলৌকা (জোঁক) | চিত্ত+ঔদার্য = চিত্তৌদার্য | |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'ঔ-কার' (ৌ) থাকলে বিচ্ছেদের সময় 'ঔ-কার' এর পরিবর্তে বানানের নিয়মানুযায়ী 'ও/ঔ' বসে।]

৬. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনি এবং পরবর্তী পদের প্রথমে ঋ থাকলে অর্ (রেফরূপে পরবর্তী বর্ণে) যুক্ত হয়। [অ/আ + ঋ = অর]। যেমন:

| | | |
|---|---|---|
| দেব + ঋষি = দেবর্ষি | মহা + ঋষি = মহর্ষি | সপ্ত + ঋষি = সপ্তর্ষি |
| রাজা + ঋষি = রাজর্ষি | অধম + ঋণ = অধমর্ণ | উত্তম + ঋণ = উত্তমর্ণ |

৭. অ-ধ্বনি কিংবা আ-ধ্বনি পর ঋত থাকলে সন্ধিতে আর্ হয়। অ/আ + ঋত = আর (পূর্ববর্তী বর্ণে আ ও পরবর্তী বর্ণে রেফ) হয়। যেমন:

| | | |
|---|---|---|
| শীত + ঋত = শীতার্ত | ক্ষুধা + ঋত = ক্ষুধার্ত | তৃষ্ণা + ঋত = তৃষ্ণার্ত |
| দুঃখ + ঋত = দুঃখার্ত | পরম + ঋত = পরমর্ত | ভয় + ঋত = ভয়ার্ত |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'রেফ' (´) থাকলে বিচ্ছেদের সময় 'রেফ' এর পরিবর্তে বানানের নিয়মানুযায়ী 'ঋ' বসে।]

৮. ই-কার কিংবা ঈ-কারের পর ই-কার কিংবা ঈ-কার থাকলে উভয়ে মিলে ঈ-কার হয়। ঈ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। (ই/ঈ + ই/ঈ = ঈ)। যেমন:

| | | |
|---|---|---|
| অতি + ইত = অতীত | অতি + ইব = অতীব | প্রতি + ঈক্ষা = প্রতীক্ষা |
| সুধী + ইন্দ্র = সুধীন্দ্র | মহী + ঈশ = মহীশ | যতি + ইন্দ্র = যতীন্দ্র |
| রবি + ইন্দ্র = রবীন্দ্র | গিরি + ঈশ = গিরীশ | |

৯. প্রথম পদের শেষে ই-কার অথবা ঈ-কার এবং দ্বিতীয় পদের প্রথমে অন্য কোনো স্বরধ্বনি থাকলে ই/ঈ এর জায়গায় য-ফলা (্য) হয়। (ই/ঈ + অন্য স্বরধ্বনি = য-ফলা)। যেমন:

| | | |
|---|---|---|
| অভি + অন্তর = অভ্যন্তর | অতি + অন্ত = অত্যন্ত | আদি + অন্ত = আদ্যন্ত |
| অতি + উক্তি = অত্যুক্তি | অতি + আচার = অত্যাচার | অভি + উদয় = অভ্যুদয় |
| ইতি + আদি = ইত্যাদি | প্রতি + এক = প্রত্যেক | নদী + অম্বু = নদ্যম্বু |
| প্রতি + অহ = প্রত্যহ | অতি + অধিক = অত্যধিক | যদি + অপি = যদ্যপি |
| প্রতি + উক্তি = প্রত্যুক্তি | প্রতি + উপকার = প্রত্যুপকার | প্রতি + আশা = প্রত্যাশা |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে য-ফলা (্য) থাকলে বিচ্ছেদের সময় তার পরিবর্তে 'ই-কার' বসে।]

১০. সন্ধিবদ্ধ শব্দের প্রথমাংশে 'পরি' কিংবা 'উপরি' থাকলে এবং দ্বিতীয় পদের শুরুতে 'অ, আ, উ' থাকলে 'পরি/উপরি' শব্দের রি এবং পরবর্তী স্বর মিলে 'র্য' হয়। যেমন:

| | | |
|---|---|---|
| পরি + অন্ত = পর্যন্ত | উপরি + উক্ত = উপর্যুক্ত | পরি + আলোচনা = পর্যালোচনা |
| উপরি + উপরি = উপর্যুপরি | | |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'র্য' থাকলে বিচ্ছেদের সময় 'র্য' এর পরিবর্তে 'রি' বসে।]

১১. উ-কার কিংবা ঊ-কারের পর উ-কার কিংবা ঊ-কার থাকলে উভয়ে মিলে ঊ-কার হয়। ঊ-কার পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়। যেমন:

| | | |
|---|---|---|
| মরু + উদ্যান = মরূদ্যান | বধূ + উৎসব = বধূৎসব | কটু + উক্তি = কটূক্তি |

ব্যতিক্রম: গুরু + উক্তি = গুরুক্তি

১২. উ-কার কিংবা ঊ-কারের পর 'উ' ও 'ঊ' ভিন্ন অন্য স্বর থাকলে উ/ঊ এর জায়গায় 'ব-ফলা' হয়। 'ব-ফলা' পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে লেখা হয়।যেমন:

| | | |
|---|---|---|
| সু + অল্প = স্বল্প | পশু + অধম = পশ্বধম | সু + আগত = স্বাগত |
| মনু + অন্তর = মন্বন্তর | অনু + অয় = অন্বয় | অনু + এষণ = অন্বেষণ |
| তনু + ঈ = তন্বী | | |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে ব-ফলা থাকলে বিচ্ছেদের সময় ব-ফলার পরিবর্তে 'উ-কার' বসে।]

১৩. ঋ-কারের পর 'ঋ' ভিন্ন অন্য কোনো স্বর থাকলে 'ঋ' স্থানে 'র-ফলা' হয় এবং 'র-ফলা' পূর্ববর্তী ব্যঞ্জনের সাথে যুক্ত হয়।

| | |
|---|---|
| পিতৃ + আলয় = পিত্রালয় | ধাতৃ + ঈ = ধাত্রী |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে 'ত্র' থাকলে বিচ্ছেদের সময় তার পরিবর্তে 'ঋ-কার' বসে।]

১৪. এ/ঐ/ও/ঔ-কারের পর এ/ঐ এর স্থানে যথাক্রমে অয়/আয় এবং ও/ঔ এর স্থানে যথাক্রমে অব/আব হয়। যেমন:

| | | |
|---|---|---|
| নে + অন = নয়ন | নৈ + অক = নায়ক | পো + অন = পবন |
| গো + আদি = গবাদি | নৌ + ইক = নাবিক | পো + ইত্র = পবিত্র |
| শে + অন = শয়ন | গৈ + অক = গায়ক | লো + অন = লবণ |
| গো + এষণা = গবেষণা | ভৌ + উক = ভাবুক | পৌ + অক = পাবক |

১৫. কতগুলো সন্ধি কোনো উপরের কোনো নিয়ম অনযুয়ী গঠিত হয় না, এগুলোকে নিপাতনে সিদ্ধ স্বরসন্ধি বলে। যেমন:

| | | |
|---|---|---|
| কুল + অটা = কুলটা | প্র + ঊঢ় = প্রৌঢ় | গো + অক্ষ = গবাক্ষ |
| অন্য + অন্য = অন্যান্য | প্র + এষণ = প্রেষণ | পর + অক্ষ = পরোক্ষ |

♦ **ব্যঞ্জনসন্ধি:** স্বরে+ব্যঞ্জনে, ব্যঞ্জনে+স্বরে বা ব্যঞ্জনে+ব্যঞ্জনে যে সন্ধি হয় তাকে ব্যঞ্জনসন্ধি বলে। এ দিক থেকে ব্যঞ্জনসন্ধিকে তিন ভাগে ভাগ করা যায়। যেমন: ১. ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি; ২. স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি; ৩. ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি

♦ **ব্যঞ্জনধ্বনি + স্বরধ্বনি**

১. ক্, চ্, ট্, ত্, প্- এর পরে স্বরধ্বনি থাকলে সেগুলো যথাক্রমে গ্, জ্, ড্ (ড়্), দ্, ব্ হয়। পরবর্তী স্বরধ্বনিটি পূর্ববর্তী ব্যঞ্জনধ্বনির সাথে যুক্ত হয়। যেমন:

| | | |
|---|---|---|
| ণিচ্ + অন্ত = ণিজন্ত | সৎ + আনন্দ = সদানন্দ | কৃৎ + অন্ত = কৃদন্ত |
| ষট্ + আনন = ষড়ানন | ডুপ্ + অন্ত = ডুবন্ত | সুপ্ + অন্ত = সুবন্ত |
| জগৎ + ইন্দ্র = জগদিন্দ্র | বাক্ + ঈশ = বাগীশ | |

[টেকনিক: সন্ধিবদ্ধ শব্দে বর্গীয় বর্ণের ৩য় কলামের বর্ণ থাকলে বিচ্ছেদের সময় ৩য় কলামের বর্ণের পরিবর্তে বর্গীয় বর্ণের ১ম কলামের বর্ণ বসে।]

♦ **স্বরধ্বনি + ব্যঞ্জনধ্বনি**

১. স্বরধ্বনির পর 'ছ' থাকলে উক্ত ব্যঞ্জনধ্বনিটি দ্বিত্ব 'চ্ছ' হয়। যেমন:

| | | |
|---|---|---|
| মুখ + ছবি = মুখচ্ছবি | বি + ছেদ = বিচ্ছেদ | অনু + ছেদ = অনুচ্ছেদ |
| অঙ্গ + ছেদ = অঙ্গচ্ছেদ | প্রতি + ছবি = প্রতিচ্ছবি | পরি + ছদ = পরিচ্ছদ |
| পরি + ছেদ = পরিচ্ছেদ | বি + ছিন্ন = বিচ্ছিন্ন | স্ব + ছন্দে = স্বচ্ছন্দে |
| আলোক + ছটা = আলোকচ্ছটা | বৃক্ষ + ছায়া = বৃক্ষচ্ছায়া | |

♦ **ব্যঞ্জনধ্বনি + ব্যঞ্জনধ্বনি**

১. ত্ (ৎ) ও দ্ এর পর 'চ্' ও 'ছ্' থাকলে 'ত্' ও 'দ্' স্থানে 'চ্' হয়। যেমন:

| | | |
|---|---|---|
| বিপদ্ + চয় = বিপচ্চয় | সৎ + চরিত্র = সচ্চরিত্র | উৎ + ছেদ = উচ্ছেদ |
| উৎ + চারণ = উচ্চারণ | চলৎ + চিত্র = চলচ্চিত্র | |

২. ত্ (ৎ) ও দ্ এর পর 'জ্' ও 'ঝ্' থাকলে ত্ ও দ্- এর স্থানে 'জ্' হয়। যেমন:

| | | |
|---|---|---|
| কুৎ + ঝটিকা = কুজ্ঝটিকা | উৎ + জ্বল = উজ্জ্বল | যাবৎ + জীবন = যাবজ্জীবন |

৩. ত্ (ৎ) ও দ্ এর পর 'শ' থাকলে 'ত্' ও 'দ্' এর স্থলে 'চ্' এবং 'শ্' স্থলে 'ছ' হয়। যেমন:

| | | |
|---|---|---|
| উৎ + শ্বাস = উচ্ছ্বাস | চলৎ + শক্তি = চলচ্ছক্তি | উৎ + শৃঙ্খল = উচ্ছৃঙ্খল |
| উৎ + শিষ্ট = উচ্ছিষ্ট | | |

৪. ম্ এর পর যেকোন বর্গীয় ধ্বনি থাকলে ম্ ধ্বনিটি সেই বর্গের নাসিক্য ধ্বনি হয়। যেমন:

| | | |
|---|---|---|
| শম্ + কা = শঙ্কা | সম্ + চয় = সঞ্চয় | সম্ + দর্শন = সন্দর্শন |
| সম্ + খ্যা = সংখ্যা | সম্ + তাপ = সন্তাপ | সম্ + ধান = সন্ধান |
| সম্ + মান = সম্মান | সম্ + ন্যাস = সন্ন্যাস | |

৫. ম্ এর পর অন্তঃস্থ ধ্বনি (য, র, ল, ব) অথবা উষ্মধ্বনি (শ, ষ, স, হ) থাকলে, ম্ স্থলে অনুস্বর (ং) হয়। যেমন:

| | | |
|---|---|---|
| সম্ + লাপ = সংলাপ | সম্ + হার = সংহার | সম্ + যোগ = সংযোগ |
| স্বয়ম্ + বরা = স্বয়ংবরা | কিম্ + বা = কিংবা | সম্ + বাদ = সংবাদ |

ব্যতিক্রম: সম্ + রাট = সম্রাট (সংরাট নয়)

৬. চ্ ও জ্ এর পরে নাসিক্য ধ্বনি থাকলে তা তালব্য হয়। যেমন:

| | |
|---|---|
| যজ্ + ন = যজ্ঞ | রাজ্ + নী = রাজ্ঞী |

৭. ষ এর পরে ত বা থ থাকলে, ত ও থ স্থানে যথাক্রমে ট ও ঠ হয়।

| | | |
|---|---|---|
| কৃষ্ + তি = কৃষ্টি | বৃষ্ + তি = বৃষ্টি | দৃষ্ + তি = দৃষ্টি |
| ষষ্ + থ = ষষ্ঠ | | |

৮. বর্গীয় প্রথম ধ্বনির পর যেকোনো বর্গের তৃতীয় বা চতুর্থ ধ্বনি কিংবা 'য' ও 'র' থাকলে বর্গের প্রথম ধ্বনিটি তৃতীয় ধ্বনিতে পরিণত হয়। যেমন:

| | | |
|---|---|---|
| বাক্ + দান = বাগদান | বাক্ + যন্ত্র = বাগযন্ত্র | দিক্ + ভ্রান্ত = দিগভ্রান্ত |
| ষট্ + যন্ত্র = ষড়যন্ত্র | উৎ + যোগ = উদ্যোগ | তৎ + রূপ = তদ্রূপ |

৯. ঙ, ঞ, ণ, ন, ম পরে থাকলে পূর্ববর্তী অঘোষ অল্পপ্রাণ ধ্বনি সেই বর্গীয় ঘোষ ধ্বনি কিংবা নাসিক্য ধ্বনি হয়। যেমন:

| | | |
|---|---|---|
| তৎ + মধ্যে = তন্মধ্যে | উৎ + মনা = উন্মনা | মৃৎ + ময় = মৃণ্ময় |
| উৎ + নত = উন্নত | | |

- **বিসর্গ সন্ধি**

১. শব্দের মাঝখানে ও-কার (ো), র, রেফ (র্ ) এবং শ, স, ষ (যুক্তবর্ণ হিসেবে)- এই ৬টির যেকোন একটি থাকলেই বুঝতে হবে তা বিসর্গ সন্ধি।

| | | |
|---|---|---|
| দুঃ + কর = দুষ্কর | অহঃ + নিশা = অহর্নিশ | অহঃ + অহ = অহরহ |
| অন্তঃ + গত = অন্তর্গত | অন্তঃ + ধান = অন্তর্ধান | দুঃ + নীতি = দুর্নীতি |
| দুঃ + স্থ = দুস্থ | দুঃ + প্রাপ্য = দুষ্প্রাপ্য | দুঃ + কৃতি = দুষ্কৃতি |
| ভাঃ + কর = ভাস্কর | আশীঃ + বাদ = আশীর্বাদ | তিরঃ + ধান = তিরোধান |
| তিরঃ + কার = তিরস্কার | তপঃ + বন = তপোবন | ততঃ + অধিক = ততোধিক |
| নিঃ + কর = নিষ্কর | নিঃ + চয় = নিশ্চয় | নিঃ + পাপ = নিষ্পাপ |
| নিঃ + আকার = নিরাকার | নিঃ + ঠুর = নিষ্ঠুর | অন্তঃ + বর্তী = অন্তর্বর্তী |
| চতুঃ + পদ = চতুষ্পদ | চতুঃ + কোণ = চতুষ্কোণ | আবিঃ + কার = আবিষ্কার |
| নমঃ + কার = নমস্কার | বাচঃ + পতি = বাচস্পতি | শিরঃ + ছেদ = শিরশ্ছেদ |
| ধনুঃ + টঙ্কার = ধনুষ্টঙ্কার | পুনঃ + জন্ম = পুনর্জন্ম | পুরঃ + কার = পুরস্কার |
| মনঃ + কামনা = মনস্কামনা | নমঃ + কার = নমস্কার | |

২. দুঃ- এরপরে 'স' থাকলে সন্ধিবদ্ধ শব্দে- বিসর্গ বজায় থাকে। যেমনঃ

| | | |
|---|---|---|
| দুঃ + সাহস = দুঃসাহস | দুঃ + সম্পর্ক = দুঃসম্পর্ক | দুঃ + স্বপ্ন = দুঃস্বপ্ন |
| দুঃ + সংবাদ = দুঃসংবাদ | | |

৩. কিছু নিপাতনে সিদ্ধ বিসর্গ সন্ধিঃ

| | | |
|---|---|---|
| প্রাতঃ + কাল = প্রাতঃকাল | মনঃ + কষ্ট = মনঃকষ্ট | অন্তঃ + পুর = অন্তঃপুর |
| শিরঃ + পীড়া = শিরঃপীড়া | অতঃ + পর = অতঃপর | অধঃ + পাত = অধঃপাত |

- **কিছু গুরুত্বপূর্ণ বিসর্গসন্ধিঃ**

| | | |
|---|---|---|
| শিরঃ + ধার্য = শিরোধার্য | নিঃ + ঈক্ষণ = নিরীক্ষণ | নিঃ + উপমা = নিরুপমা |
| চতুঃ + অঙ্গ = চতুরঙ্গ | অন্তঃ + আত্মা = অন্তরাত্মা | নিঃ + অন্ন = নিরন্ন |
| দুঃ + আত্মা = দুরাত্মা | নিঃ + ধারণ = নির্ধারণ | ইতঃ + তত = ইতস্তত |
| আবিঃ + কার = আবিষ্কার | মনঃ (মনস্) + ঈষা = মনীষা | বনঃ + পতি = বনস্পতি |

## বাংলা বানানরীতি ও বানান শুদ্ধীকরণ

- **বাংলা একাডেমি প্রণীত গুরুত্বপূর্ণ কিছু বানানরীতি**

১. বাংলা ভাষায় ব্যবহৃত তৎসম/সংস্কৃত শব্দের বানান অবিকৃত ও অপরিবর্তিত থাকবে। যেমনঃ কিংবদন্তি, চুল্লি, ধরণি, সরণি, সূচিপত্র, ঊর্ণা, উষা।

২. রেফের পর কোথাও ব্যঞ্জন বর্ণের দ্বিত্ব হবে না। যেমনঃ সৌন্দর্য, ঐশ্বর্য, কার্য, ধৈর্য। ব্যতিক্রমঃ অর্ঘ্য (পূজার উপকরণ), সৌহার্দ্য, ঘূর্ণ্যমান, নৈর্ব্যক্তিক, চর্ব্যচোষ্য, বৈবর্ণ্য।

৩. দেশ, জাতি ও ভাষার নামের ক্ষেত্রে ই/উ লিখতে হবে। যেমনঃ পর্তুগিজ, গ্রিস, ইংরেজি, ফারসি, দেশি, বাঙালি ইত্যাদি। তবে 'ঈয়' প্রত্যয় যুক্ত থাকলে ঈ-কার হবে। যেমনঃ এশীয়, অস্ট্রেলীয়, আরবীয়, ভারতীয়, ইউরোপীয় ইত্যাদি। ব্যতিক্রমঃ চীন, শ্রীলঙ্কা, মালদ্বীপ।

৪. পদান্তে কোনো বিসর্গ থাকবে না। যেমনঃ ইতস্তত, ক্রমশ, কার্যত, প্রথমত, প্রধানত, প্রায়শ, পুনঃপুন, বস্তুত, মূলত, সাধারণত ইত্যাদি।

৫. সমাসবদ্ধ পদ একসঙ্গে লিখতে হবে। যেমনঃ অদৃষ্টপূর্ব, পূর্বপরিচিত, জটিলতামূলক, জ্ঞানসিন্ধু, সংবাদপত্র, সংযতবাক ইত্যাদি।

৬. গুণ, সংখ্যা বা দূরত্ব বাচক বিশেষণ পদ সবসময় আলাদা বসবে। যেমনঃ এক জন, দুই দিন, কত দূর। ব্যতিক্রমঃ একসঙ্গে, একসাথে, একমাত্রায়, শব্দসমূহে 'এক' শব্দটি সংখ্যা বুঝাচ্ছে না; সম্মিলন বুঝাচ্ছে তাই আলাদা বসবে না, একসাথে বসবে।

৭. সর্বনাম, বিশেষণ ও ক্রিয়া-বিশেষণ পদরূপে 'কী' শব্দটি ঈ-কার দিয়ে লেখা হবে। যেমনঃ কী করছ? এটা কী বই? কী করে যাব? বাংলা কী ইংরেজি উভয় ভাষায় তিনি পারদর্শী? অন্য ক্ষেত্রে অব্যয় পদরূপে ই-কার দিয়ে 'কি' শব্দটি লেখা হবে। যেমনঃ তুমিও কী যাবে? সে কি এসেছিল? *মনে রাখার সুবিধার্থেঃ যে প্রশ্নের উত্তরে হ্যাঁ বা না উত্তর দেয়া যায় সেক্ষেত্রে 'কি' হবে। হ্যাঁ বা না উত্তর না দেয়া না গেলে 'কী' হবে।

৮. শব্দের শেষে প্রাসঙ্গিক ক্ষেত্রে সাধারণভাবে অনুস্বর (ং) ব্যবহৃত হবে। যেমনঃ গাং, ঢং, পালং, রং, সং ইত্যাদি। তবে অনুস্বরের স্বর যুক্ত হলে তখন 'ঙ' হবে। যেমনঃ বাঙালি, ভাঙা, রঙিন, রঙের ইত্যাদি।

৯. ক্ষ বিশিষ্ট সকল শব্দে 'ক্ষ' অক্ষুণ্ন থাকবে। যেমনঃ অক্ষয়, ক্ষেত, পক্ষ।

১০. লেখক ও কবি নিজেদের নামের বানান যেভাবে লেখেন বা লিখতেন, সেভাবেই লেখা হবে। যেমন: শামসুর রাহমান, সত্যেন্দ্রনাথ দত্ত, হুমায়ূন আহমেদ, হুমায়ুন আজাদ, আহমদ ছফা, তাহমিমা আনাম, মোহাম্মদ আকরম খাঁ, শেখ ফজলল করিম, সৈয়দ ওয়ালীউল্লাহ, জীবনানন্দ দাশ, শহীদুল্লা কায়সার, ড. মুহম্মদ শহীদুল্লাহ, রুদ্র মুহম্মদ শহিদুল্লাহ, জসীমউদ্‌দীন, মুনীর চৌধুরী।

১১. তৎসম শব্দের বানানে 'ণ' ব্যবহৃত হবে। এছাড়া অন্য কোনো ক্ষেত্রে ণত্ব বিধি প্রযোজ্য হবে না। যেমন: অঘ্রান, ইরান, গুনতি, গভর্নর, ঝরনা, ধরন, পরান, রানি, সোনা, হর্ন ইত্যাদি।
**লক্ষণীয়:** ধরন বানানে 'ন' তবে ধারণ বানানে 'ণ' বসবে। এরূপ- পুরানো বানানে 'ন' তবে পুরাণ বানানে 'ণ' বসবে।

১২. তৎসম শব্দের বানানে 'ষ' ব্যবহৃত হবে। এছাড়া অন্য কোনো ক্ষেত্রে ষত্ব বিধি প্রযোজ্য হবে না। বিদেশি মূল শব্দে শ, স- এর প্রতিসঙ্গী বর্ণ বা ধ্বনি রয়েছে বাংলা বানানে তাই ব্যবহার করতে হবে। তৎসম শব্দে ট ও ঠ বর্ণের যুক্ত ব্যঞ্জনে 'ষ' হয়। কিন্তু বিদেশি শব্দে এক্ষেত্রে 'স' হবে। যেমন: আগস্ট, স্টল, স্টিল, স্টেশন, রেস্টুরেন্ট, স্টার, স্টোর, রেস্ট হাউস, বাস স্ট্যান্ড ইত্যাদি।

১৩. সমাসবদ্ধ পদে ই-কার বসে। যেমন: মন্ত্রীর সভা = মন্ত্রিসভা, শশীর ভূষণ = শশিভূষণ, প্রাণীর জগৎ = প্রাণিজগৎ ইত্যাদি।

১৪. 'আলি' এবং অঞ্জলি প্রত্যয় যুক্ত শব্দে ই-কার হবে। যেমন: গীতাঞ্জলি, শ্রদ্ধাঞ্জলি, অর্ঘ্যাঞ্জলি, পুষ্পাঞ্জলি, খেয়ালি, বর্ণালি, সোনালি, রূপালি, গীতালি, মিতালি, হেঁয়ালি ইত্যাদি।

১৫. দু/ দূ দিয়ে শব্দ গঠিত হলে কেবল দূরত্ব বা দূরের কিছু বোঝাতে 'দূ' বসে, অন্য সব জায়গায় 'দু' বসে। যেমন: দূর, দূরদর্শন, দূরদৃষ্টি (দূরের দৃষ্টি), দুরদৃষ্ট (মন্দভাগ্য), দূরদর্শী, দূরীকরণ, দূরীভূত, দূরান্ত (দূরের অন্ত), দুরন্ত (চঞ্চল), দুরবস্থা, দুর্গ, দুর্গম, দুর্বিষহ, দুর্ঘটনা, দুর্নীতি, দুর্নাম, দুর্বার, দুর্নাম, দুর্বার, দুরাকাঙ্ক্ষা, দুর্নিবার, দুর্ভোগ, দুর্বল, দুহিতা ইত্যাদি। ব্যতিক্রম: দূষণ, দূষক, দূষিত, দূষণীয়, দুরবিন (ফারসি)।

১৬. অদ্ভুত শব্দটি ব্যতিত 'ভূত' দিয়ে আর যত শব্দ আছে সব জায়গায় ঊ-কার হবে। যেমন: উদ্ভূত, কিম্ভূত, দ্রবীভূত, দূরীভূত, ঘনীভূত, পুঞ্জীভূত, বাষ্পীভূত ইত্যাদি।

১৭. কোনো শব্দের শেষে যদি ঈ-কার থাকে এবং তার পরে যদি ত/ত্ব/তা/নী ইত্যাদি প্রত্যয় যোগ করা থাকে অথবা তত্ত্ব/ সভা/ পরিষদ/ বিদ্যা/ জগৎ ইত্যাদি শব্দ যোগ করা থাকে তাহলে ঐ শব্দের শেষের ঈ-কার পরিবর্তিত হয়ে হ্রস্ব ই-কার হবে। যেমন: প্রবাহী + ত = প্রবাহিত; উৎসাহী + ত = উৎসাহিত; অধিকারী + ত্ব = অধিকারিত্ব; কৃতী +ত্ব = কৃতিত্ব; দায়ী + ত্ব = দায়িত্ব; পক্ষপাতী + ত্ব = পক্ষপাতিত্ব; মন্ত্রী + ত্ব = মন্ত্রিত্ব; একাকী + ত্ব = একাকিত্ব; বিলাসী + তা = বিলাসিতা; সহযোগী + তা = সহযোগিতা; উপকারী + তা = উপকারিতা; মায়াবী + নী = মায়াবিনী; পারদর্শী + তা = পারদর্শিতা; প্রতিদ্বন্দ্বী + তা = প্রতিদ্বন্দ্বিতা; প্রতিযোগী + তা = প্রতিযোগিতা।
ব্যতিক্রম: সতী + ত্ব = সতীত্ব; নারী + ত্ব = নারীত্ব; কুমারী + ত্ব = কুমারীত্ব।

১৮. -ইনী, -ঈ, -ঈয়সী, -নী, -বতী, -মতী, -ময়ী, অন্ত্য প্রত্যয়যুক্ত স্ত্রীবাচক শব্দের শেষে সর্বদা ঈ-কার ( ী ) হবে। যেমন: সর্বময়ী, মানবী, জননী, স্ত্রী, বুদ্ধিমতী, নারী, মনোহারিণী, গরীয়সী, তরুণী, কৃপাময়ী, গুণবতী ইত্যাদি।

১৯. কোনো শব্দের শেষে 'স্ত' থাকলে এবং তা শব্দ থেকে বাদ দিলেও বাকি অংশের অর্থ ঐ শব্দসংশ্লিষ্ট হয়, তবে শুধু সেক্ষেত্রেই 'স্থ' হবে। অন্যথায় 'স্ত' হবে। যেমন: নিকটস্থ (নিকট + স্থ); পকেটস্থ (পকেট + স্থ); পদস্থ (পদ + স্থ); বিশ্বস্ত (বিশ্ব + স্ত); বিন্যস্ত (বিন্য + স্ত); সমস্ত (সম + স্ত)।

## ণ-ত্ব বিধান

♦ যে বিধান বা নিয়মানুসারে তৎসম বা সংস্কৃত শব্দে দন্ত্য 'ন' ও মূর্ধন্য 'ণ' এর সঠিক ব্যবহার নিশ্চিত করা হয় তাকে ণ-ত্ব বিধান বলে। নিম্নে মূর্ধন্য-ণ ব্যবহারের কিছু নিয়ম হলো:-

১. ট-বর্গীয় (ট, ঠ, ড, ঢ) ধ্বনির আগে দন্ত্য-ন ব্যবহৃত হয়ে যুক্ত ব্যঞ্জন গঠিত হলে, সব সময় তা মূর্ধন্য-ণ হয়। যেমন- ঘণ্টা, লণ্ঠন, কাণ্ড, কণ্টক, দণ্ড ইত্যাদি।

| | |
|---|---|
| 'ণ্-ট = ণ্ট' এর পর মূর্ধন্য-ণ | ঘণ্টা, ঘণ্টিকা, নির্ঘণ্ট, নিষ্কণ্টক, বণ্টন, বণ্টিত |
| 'ণ্+ঠ = ণ্ঠ' এর পর মূর্ধন্য-ণ | অকুণ্ঠ, কুণ্ঠিত, লুণ্ঠণ, উকণ্ঠ, নীলকণ্ঠ, অবগুণ্ঠণ, কণ্ঠাস্থি, ভূলুণ্ঠিত, উৎকণ্ঠিত, কণ্ঠস্থ |
| 'ণ্+ড = ণ্ড' এর পর মূর্ধন্য-ণ | অকালকুষ্মাণ্ড, পাণ্ডিত্য, চণ্ডাল, উল্কাপিণ্ড, পণ্ডশ্রম, কূপমণ্ডুক, গণ্ডমূর্খ |

২. তৎসম শব্দে ঋ, র, ষ এর পরে মূর্ধন্য-ণ হয়। (তৎসম শব্দে র-ফলা, রেফ, ক্ষ-এর পর মূর্ধন্য-ণ ব্যবহৃত হয়। যেমন- ঋণ, তৃণ, বর্ণ, বর্ণনা, কারণ, ব্যাকরণ, বিকিরণ, মরণ, সমীরণ, ভীষণ, ভাষণ, উষ্ণ ইত্যাদি।)

| | |
|---|---|
| 'র' এর পর মূর্ধন্য-ণ | অরণ্য, আহরণ, নিবারণ, রণ, সারণি, উত্তরণ, ধরণী/ণি, পুরাণ, স্মরণ, সংস্করণ |
| 'রেফ' এর পর মূর্ধন্য-ণ | ঘূর্ণন, বিদীর্ণ, বিকীর্ণ, বিস্তীর্ণ, জীর্ণ |
| 'র-ফলা' এর পর মূর্ধন্য-ণ | আমন্ত্রণ, প্রণয়ন, প্রণীত, নিমন্ত্রণ, প্রণাম, পরিত্রাণ, যন্ত্রণা |
| 'ষ' এর পর মূর্ধন্য-ণ | অন্বেষণ, বিভীষণ, ষাণ্মাষিক, প্রেষণ, বিষণ্ন |
| 'ক্+ষ = ক্ষ' এর পর মূর্ধন্য-ণ | নিরীক্ষণ, প্রশিক্ষণ, ক্ষুণ্ন, পরীক্ষণ, ক্ষণিক, পর্যবেক্ষণ, বিচক্ষণ, দূরবীক্ষণ, রক্ষণাবেক্ষণ, সংরক্ষণ |
| 'ষ+ণ = ষ্ণ' এর পর মূর্ধন্য-ণ | কৃষ্ণ, বিষ্ণু, ক্ষয়িষ্ণু, শীতোষ্ণ, বর্ধিষ্ণু, সহিষ্ণু, তৃষ্ণা, বৈষ্ণব |

৩. ঋ, র, ষ এর পরে স্বরধ্বনি ষ, য়, ব, হ, ং এবং ক-বর্গীয় (ক, খ, গ, ঘ, ঙ) ও প-বর্গীয় (প, ফ, ব, ভ, ম) ধ্বনি থাকলে পরবর্তী দন্ত্য-ন মূর্ধন্য-ণ হয়। যেমন- কৃপণ (ঋ কারের পরে প, তার পরে ণ), হরিণ (র এর পরে ই এবং তার পরে ণ), অর্পণ (র্+প্+অ+ণ্), লক্ষ্মণ (ক্+ষ্+অ+ণ্), গৃহিণী, প্রবণ, রামায়ণ, প্রণয়ন, রুক্মিণী, ব্রাহ্মণ, অকর্মণ্য, আক্রমণ, অপরাহ্ণ, উৎক্ষেপণ, নিষ্ক্রমণ, গ্রামীণ, দ্রবণ, পার্বণ, বর্ষণ, শ্রবণ, উপক্রমণিকা, রমণী, ক্ষেপণাস্ত্র, পূর্বাহ্ণ, ভ্রাম্যমাণ, সন্তর্পণ ইত্যাদি।
ব্যতিক্রম: আয়ুষ্মান, গরীয়ান, চক্ষুষ্মান, নির্গমন, পূষণ, বহির্গমন, বর্ষীয়ান, রঙ্গন, শ্রীমান ইত্যাদি।

৪. প্র, পরি, নির- এ ৩টি উপসর্গের পর ণ-ত্ব বিধি অনুসারে দন্ত্য-ন ধ্বনি মূর্ধন্য-ণ হয়। যেমন- পরিণত, পরিণতি, পরিণয়, পরিণাম, প্রণত, প্রণয়, প্রণিধান, প্রণীত, প্রবাহিণী, প্রয়াণ, প্রণাম, নির্ণীত, নির্ণয়, প্রবীণ, প্রমাণ ইত্যাদি।
ব্যতিক্রম: পরিনির্বাণ, নির্নিমেষ, প্রনষ্ট, পরিবহন ইত্যাদি।

৫. প্র, পরা, পূর্ব ও অপর- এ ৪টি পূর্বপদের পর 'অহ্ন' শব্দ বসলে ণ-ত্ব বিধি অনুসারে দন্ত্য-ন এর স্থলে মূর্ধন্য-ণ হয়।

| | | | |
|---|---|---|---|
| প্র + অহ্ন = প্রাহ্ণ | দিনের প্রথম ভাগ | পরা + অহ্ন = পরাহ্ণ | দিনের শেষ ভাগ |
| পূর্ব + অহ্ন = পূর্বাহ্ণ | দিনের প্রথম ভাগ | অপর + অহ্ন = অপরাহ্ণ | দিনের শেষ ভাগ |

৬. উত্তর, পার, চান্দ্র, নার, রাম শব্দের পরে 'অয়ন' শব্দ থাকলে ণ-ত্ব বিধি অনুসারে দন্ত্য-ন এর স্থলে মূর্ধন্য-ণ হয়। যেমন:

| | | |
|---|---|---|
| উত্তর + অয়ন = উত্তরায়ণ | পর + অয়ন = পরায়ণ | রাম + অয়ন = রামায়ণ |
| পার + অয়ন = পারায়ণ | চান্দ্র + অয়ন = চান্দ্রায়ণ | নার + অয়ন = নারায়ণ |

৭. সমাসবদ্ধ শব্দে (সাধিত শব্দে) ণ-ত্ব বিধান খাটে না। যেমন: অগ্রনায়ক, নির্গমন, ছাত্রনিবাস, অহর্নিশ, দুর্নিবার, দুর্নিরীক্ষ্য, প্রনষ্ট, নির্নিমেষ, ক্ষুন্নিবৃত্তি, শ্রীমান, দুর্নাম, নিষ্পন্ন ইত্যাদি।

১০. কিছু কিছু শব্দে স্বভাবতই মূর্ধন্য-ণ হয়। যেমন-

চাণক্য মাণিক্য গণ বাণিজ্য লবণ মণ
বেণু বীণা কঙ্কণ কণিকা।
কল্যাণ শোণিত মণি স্থাণু গুণ পুণ্য বেণী
ফণী অণু বিপণি গণিকা।
আপণ লাবণ্য বাণী নিপুণ ভণিতা পাণি
গৌণ কোণ ভাণ পণ শাণ।
চিক্কণ নিক্বণ তূণ কফণি বণিক গুণ
গণনা পিণাক পণ্য বাণ।

## ষ-ত্ব বিধান

♦ তৎসম শব্দের বানানে 'ষ' এর সঠিক ব্যবহারের নিয়মই ষ-ত্ব বিধান। নিম্নে মূর্ধন্য-ষ ব্যবহারের কিছু নিয়ম প্রদত্ত হলো:

১. অ, আ, ভিন্ন অন্য স্বরধ্বনি এবং ক ও র এর পরে বহুক্ষেত্রে 'ষ' হয়। যেমন- ভবিষ্যৎ, মুমূর্ষু, চিকীর্ষা, নিষুতি, চক্ষুষ্মান, ঈষৎ, বৈষ্ণব, কোষাধ্যক্ষ, জিগীষা, মঞ্জুষা, ওষুধ ইত্যাদি।

২. ই-কারান্ত (অধি, অভি, পরি, প্রতি, বি) এবং উ-কারান্ত (অনু, সু) উপসর্গের পর কতগুলো ধাতুতে 'ষ' হয়।

| | | | |
|---|---|---|---|
| অভিসেক > অভিষেক | সুসুপ্ত > সুষুপ্ত | অনুসঙ্গ > অনুষঙ্গ | প্রতিস্থান > প্রতিষ্ঠান |
| বিসম > বিষম | অনুস্থান > অনুষ্ঠান | প্রতিসেধক > প্রতিষেধক | সুসমা > সুষমা |

৩. ঋ ও ঋ-কার এর পর 'ষ' হয়। যেমন- ঋষভ, ঋষি, কৃষক, কৃষাণ, কৃষি, কৃষ্ণ, কৃষ্ণা, তৃষ্ণা, দৃষ্টি, বৃষ্টি, সৃষ্টি, কৃষ্টি ইত্যাদি।

৪. রেফ (ˊ) এর পর 'ষ' হয়। যেমন- আকর্ষণ , সংঘর্ষ, বর্ষীয়ান, মহর্ষি, সপ্তর্ষি, মুমূর্ষু, পর্ষদ, মাধ্যাকর্ষণ, মহাকর্ষ, বর্ষণ, বিমর্ষ ইত্যাদি।

৫. ট ও ঠ এর সঙ্গে যুক্তবর্ণে দন্ত্য-স না হয়ে মূর্ধন্য-ষ হয়। যেমন- কষ্ট, কাষ্ঠ, ওষ্ঠ, অনির্দিষ্ট, আড়ষ্ট, অন্তর্দৃষ্টি, অন্ত্যেষ্টি, প্রচেষ্টা, অনুষ্ঠান, দৃষ্টান্ত, হৃষ্টপুষ্ট, গরিষ্ঠ, একনিষ্ঠ ইত্যাদি।

৬. কতগুলো শব্দে স্বভাবতই মূর্ধন্য-ষ হয়। যেমন
আষাঢ় শেষ ঈষৎ মেষ
ভাষা কলুষ ভাষ্য মানুষ।
ষোড়শ কোষ পৌষ রোষ
ষট্ পুরুষ মানুষ পাষণ্ড ষণ্ড প্রত্যুষ।
আভাষ ভাষণ অভিলাষ পোষণ
ঊষর তোষণ ঊষা শোষণ।
ঔষধ বিষাণ ষড়যন্ত্র পাষাণ
বিশেষ ভূষণ সরিষা দূষণ।

# বানান শুদ্ধীকরণ

প্রচলিত কিছু গুরুত্বপূর্ণ ভুল বানান ও তার সঠিক প্রয়োগ:

| অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ | অশুদ্ধ | শুদ্ধ |
|---|---|---|---|---|---|
| নুতন | নূতন | সুপ্তিক | সৌপ্তিক | উপরোক্ত | উপর্যুক্ত |
| নুপুর | নূপুর | পুন্যাহ | পুণ্যাহ | উচ্ছাস | উচ্ছ্বাস |
| পূর্বাহ্ন | পূর্বাহ্ণ | মূহুর্মূহ | মুহুর্মুহু | উপনিবেশিক | ঔপনিবেশিক |
| মধ্যাহ্ণ | মধ্যাহ্ন | কলংকিত | কলঙ্কিত | উশৃঙ্খল | উচ্ছৃঙ্খল |
| অপরাহ্ন | অপরাহ্ণ | খুন্নিবৃত্তি | ক্ষুন্নিবৃত্তি | উল্লেখিত | উল্লিখিত |
| সায়াহ্ণ | সায়াহ্ন | আকাঙ্খা | আকাঙ্ক্ষা | কনিকা | কণিকা |
| শুশ্রুসা | শুশ্রূষা | বাল্মিকী | বাল্মীকি | গোস্পদ | গোষ্পদ |
| বীণাপানি | বীণাপাণি | নীরিহ | নিরীহ | জাত্যাভিমান | জাত্যভিমান |
| সান্তনা/ স্বান্তনা | সান্ত্বনা | বিশ্বস্থ | বিশ্বস্ত | নির্ণিমেষ | নির্নিমেষ |
| নৃশংশ | নৃশংস | অত্যাধিক | অত্যধিক | বিদ্রুপ | বিদ্রূপ |
| অংশিদার | অংশীদার | সৌহার্দ | সৌহার্দ্য | বুভূক্ষ | বুভুক্ষু |
| পুণর্গঠন | পুনর্গঠন | শষ্য | শস্য | বুৎপত্তি | ব্যুৎপত্তি |
| পুণর্বাসন | পুনর্বাসন | ভাগিরথি | ভাগীরথী | প্রাতঃরাশ | প্রাতরাশ |
| মহিয়সী | মহীয়সী | দৌরাত্ম | দৌরাত্ম্য | প্রতিদ্বন্দ্বীতা | প্রতিদ্বন্দ্বিতা |
| শারিরীক | শারীরিক | আপোষ | আপস | রুপায়ন | রূপায়ণ |
| দুর্বা | দূর্বা | অরন্য | অরণ্য | স্বাস্থ | স্বাস্থ্য |
| পৈত্রিক | পৈতৃক | দন্দ | দ্বন্দ্ব | সত্ব | স্বত্ব (মালিকানা) |
| ঝর্ণা | ঝর্না/ ঝরনা | অন্তরিন | অন্তরীণ | ভৌগলিক | ভৌগোলিক |
| মুমুর্ষু | মুমূর্ষু | অত্যান্ত | অত্যন্ত | মহত্ব | মহত্ত্ব |
| পটিয়সী | পটীয়সী | স্বস্ত্রীক | সস্ত্রীক | প্রত্যুষ | প্রত্যূষ |
| কর্ণেল | কর্নেল | দারিদ্রতা | দরিদ্রতা/ দরিদ্র | বুহ্য | বূহ্য |
| বিভিষিকা | বিভীষিকা | প্রাত্যাহিক | প্রাত্যহিক | সমীরন | সমীরণ |
| পিপিলিকা | পিপীলিকা | মরুদ্যান | মরূদ্যান | ঘূর্ণিয়মান | ঘূর্ণ্যমান |
| ব্যার্থ | ব্যর্থ | মনস্তত্ত | মনস্তত্ত্ব | কিম্বদন্তী | কিংবদন্তি |
| ব্যধি | ব্যাধি | শ্বাশত | শাশ্বত | কোনক্রমে | কোনোক্রমে |
| নিশিথ | নিশীথ | রামায়ন | রামায়ণ | কচিৎ | ক্বচিৎ |
| নিশিথিনি | নিশীথিনী | স্নেহাশীষ | স্নেহাশিস | কল্যান | কল্যাণ |
| শশান | শ্মশান | সূচগ্র | সূচ্যগ্র | অন্তেষ্টিক্রিয়া | অন্ত্যেষ্টিক্রিয়া |
| মনিষী | মনীষী | নিক্কন | নিক্বণ | দুষ্কৃতিকারী | দুষ্কৃতকারী |
| ছাত্রছাত্রীগণ | ছাত্রছাত্রী | মনকষ্ট | মনঃকষ্ট | তফাৎ | তফাত |
| কৌতুহল | কৌতূহল | অধ্যায়ন | অধ্যয়ন | প্রাণীবিদ্যা | প্রাণিবিদ্যা |
| শিরচ্ছেদ | শিরশ্ছেদ | অধ্যাবসায় | অধ্যবসায় | সৌষ্ঠব | সৌষ্ঠ্যব |
| সমীচিন | সমীচীন | ব্যাতি | ব্যতীত | উজ্জল | উজ্জ্বল |
| গরিয়সী | গরীয়সী | নূন্যতম | ন্যূনতম | যোদ্ধাগণ | যোদ্ধৃগণ |
| মূহুর্ত | মুহূর্ত | ভ্রাতাগণ | ভ্রাতৃবৃন্দ | ধুলিস্যাৎ | ধূলিসাৎ |
| মরিচিকা | মরীচিকা | সুষ্ঠ | সুষ্ঠু | দধিচি | দধীচি |
| জীবীকা | জীবিকা | ইদৃশ | ঈদৃশ | দুষণীয় | দূষণীয় |
| পরজীবি | পরজীবী | তোরন | তোরণ | বিদূষি | বিদুষী |
| বুদ্ধিজীবি | বুদ্ধিজীবী | দূরাবস্থা | দুরবস্থা | শ্রদ্ধাঞ্জলী | শ্রদ্ধাঞ্জলি |
| শুদ্ধ্যশুদ্ধি | শুদ্ধাশুদ্ধি | মুখস্ত | মুখস্থ | ষাণ্নাসিক | ষাণ্মাসিক |
| সন্যাসী | সন্ন্যাসী | কুজ্জটিকা | কুজ্ঝটিকা | পরিপক্ক | পরিপক্ব |
| হরিতকি | হরীতকী | প্রজ্জোলন | প্রজ্বলন/ প্রোজ্জ্বল | চত্তর/ চত্বর | চত্বর |
| উদিচি | উদীচী | প্রজ্জলিত | প্রজ্বলিত | চাতুর্যতা | চাতুর্য |
| অদ্যবধি | অদ্যাবধি | ইতিপূর্বে | ইতঃপূর্বে | চোষ্য | চূষ্য |
| মন্ত্রীসভা | মন্ত্রিসভা | ইতিমধ্যে | ইতোমধ্যে | জগৎবিখ্যাত | জগদ্বিখ্যাত |

# মধ্যযুগ (১২০১ খ্রি. থেকে ১৮০০ খ্রি.)

- মধ্যযুগের শুরুতে মুসলমানদের বাংলা বিজয়ের ফলে ১২০১-১৩৫০ খ্রিস্টাব্দ পর্যন্ত সময় 'অন্ধকার যুগ'। এ সময়ে উল্লেখযোগ্য সাহিত্য রচিত হয়নি। ১৩৫০ সালের পরবর্তী সময়ে বাংলা কাব্যের দুটি প্রধান ধারা পরিলক্ষিত হয়। একটি হলো কাহিনীকাব্য; অপরটি হলো গীতিকাব্য। প্রথম ধারার কাহিনী কাঠামোর মধ্যে সঙ্গীতধর্মিতা লক্ষণীয়। দ্বিতীয় ধারার প্রধান লক্ষণ সঙ্গীতধর্মিতা ও ভাবধর্মিতা। মধ্যযুগের প্রথম কাব্য 'শ্রীকৃষ্ণকীর্তন' এবং শ্রেষ্ঠ কাব্য 'বৈষ্ণব পদাবলি'।

- **অন্ধকার যুগ:** ১২০৪ সালে বখতিয়ার খলজির বাংলা বিজয়ের ফলে বাংলার প্রচলিত ধর্মীয় সংস্কৃতিতে বড় পরিবর্তন ঘটে। ব্রাহ্মণ ও বৌদ্ধশক্তির নেতৃত্ব চলে যায় মুসলমানদের হাতে। নেতৃত্ব পরিবর্তনে সাময়িকভাবে সৃষ্ট এই বিমূঢ় অবস্থার প্রেক্ষিতে তেমন কোনো সাহিত্যের সন্ধান পাওয়া যায়নি, তাই ঐতিহাসিকদের মতে, এ সময়কে অন্ধকার যুগ বলে। বাংলা সাহিত্যে অন্ধকার যুগের ব্যাপ্তি ১২০১-১৩৫০ খ্রি. (তুর্কি শাসনামলে)।

- **অন্ধকার যুগের সাহিত্যকর্ম:**
  - 'প্রাকৃতপৈঙ্গল': ত্রয়োদশ শতকে প্রাকৃত ভাষায় শ্রীহর্ষ রচিত গীতিকবিতার সঙ্কলন, যা অন্ধকার যুগের প্রথম সাহিত্যিক নিদর্শন।
  - 'শূন্যপুরাণ': রামাই পণ্ডিত রচিত ৫১টি অধ্যায় সম্বলিত সংস্কৃত ভাষায় গদ্য পদ্য মিশ্রিত চম্পুকাব্য। এর মূল নাম পাওয়া যায়নি, তাই নগেন্দ্রনাথ বসু রামাই পণ্ডিতের ভূমিকায় পাওয়া শূন্যপুরাণ অনুসারে এর নাম রাখেন 'শূন্যপুরাণ' বা এতে শূন্যময় দেবতা ধর্মঠাকুরের পূজা পদ্ধতির বর্ণনা আছে বলেই এর নাম রাখা 'শূন্যপুরাণ'। 'নিরঞ্জনের রুষ্মা' বা 'নিরঞ্জনের উষ্মা' এ কাব্যের অংশ বিশেষ। নগেন্দ্রনাথ বসু তিনটি পুঁথিপাঠ সংগ্রহ করে 'শূন্যপুরাণ' নামে 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে এটি প্রকাশ করেন।
  - 'সেক শুভোদয়া': রাজা লক্ষ্মণ সেনের সভাকবি 'হলায়ুধ মিশ্র' সংস্কৃত ভাষায় গদ্য পদ্যে (চম্পুকাব্য) ২৫টি অধ্যায়ে এটি রচনা করেন। শেখের শুভোদয় অর্থাৎ শেখের গৌরব প্রচারই এর মূল উপজীব্য। এ গ্রন্থে মুসলমান দরবেশের চরিত্র ও আধ্যাত্মিক শক্তির পরিচয় তুলে ধরা হয়েছে, যা বাংলা ভাষায় রচিত পীর মাহাত্ম্যজ্ঞাপক কাব্যের প্রাচীনতম নিদর্শন। এখানে বর্ণিত প্রেমসংগীতটিকে প্রাচীন বাংলা সাহিত্যের একমাত্র প্রেমসংগীত হিসেবে বিবেচনা করা হয়।

- **শ্রীকৃষ্ণকীর্তন**
  - মধ্যযুগের প্রথম কাব্য বা নিদর্শন- শ্রীকৃষ্ণকীর্তন।
  - এটি বাংলা ভাষায় কোনো লেখকের প্রথম একক গ্রন্থ।
  - রচয়িতা- বড়ু চণ্ডীদাস (মধ্যযুগের আদি কবি)।
  - আবিষ্কার: ১৯০৯ সালে (১৩১৬ ব.) পশ্চিমবঙ্গের বাঁকুড়া জেলার বিষ্ণুপুরের নিকটবর্তী কাকিল্যা (কালিয়া) গ্রামের দেবেন্দ্রনাথ মুখোপাধ্যায় নামক এক ব্রাহ্মণের বাড়ির গোয়ালঘর থেকে কলকাতা বিশ্ববিদ্যালয়ের বাংলা বিভাগের অধ্যাপক এবং শ্রী বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ এটি উদ্ধার করেন। বসন্তরঞ্জন রায়ের উপাধি- 'বিদ্বদ্বল্লভ'।
  - রচনাকাল: ড. মুহম্মদ শহীদুল্লাহ এর মতে, ১৪০০ খ্রিস্টাব্দে।
  - প্রকাশ: বসন্তরঞ্জন রায় ১৯১৬ সালে (১৩২৩ ব.) 'বঙ্গীয় সাহিত্য পরিষদ' থেকে এটি প্রকাশ করেন।
  - শ্রীকৃষ্ণকীর্তন কাব্যের অপর নাম- শ্রীকৃষ্ণসন্দর্ভ। শ্রীকৃষ্ণকীর্তন নামটি রাখেন বসন্তরঞ্জন রায় বিদ্বদ্বল্লভ।
  - গঠনরীতিতে শ্রীকৃষ্ণকীর্তন কাব্য মূলত- নাটগীতি (নাট্যগীতি); কারণ এ কাব্যে নাটকীয় ভাব আছে।
  - পদসংখ্যা: খণ্ডিত পদসহ মোট পদের সংখ্যা ৪১৮টি। শ্লোক-১৬১টি। লিপিকারের সংখ্যা-৩ জন বা তিন হাতের লেখা।
  - খণ্ড: শ্রীকৃষ্ণকীর্তন কাব্যটি ১৩টি খণ্ডে বিভক্ত। যথা: ১. জন্ম খণ্ড ২. তাম্বুল খণ্ড ৩. দান খণ্ড ৪. নৌকা খণ্ড ৫. ভার খণ্ড ৬. ছত্র খণ্ড ৭. বৃন্দাবন খণ্ড ৮. কালিয়দমন খণ্ড ৯. যমুনা খণ্ড ১০. হার খণ্ড ১১. বাণ খণ্ড ১২. বংশী খণ্ড ১৩. বিরহ খণ্ড।
  - **জন্ম খণ্ড:** কৃষ্ণ ও রাধা উভয়ে ঈশ্বরের ইচ্ছায় মর্ত্যে মানবরূপে জন্ম নিয়েছে। কৃষ্ণ পাপী কংস রাজাকে বধ করার জন্য দেবকী ও বাসুদেবের সন্তান হিসেবে জন্ম নেয়। জন্মের পরেই বাসুদেব গোপনে কৃষ্ণকে অনেক দূরে বৃন্দাবনে জনৈক নন্দ গোপের কাছে রেখে আসে। সেখানেই দৈব ইচ্ছায় আরেক গোপ সাগর গোয়ালার স্ত্রী পদ্মার গর্ভে রাধা জন্ম নেয়। দৈব নির্দেশেই বালিকা বয়সে নপুংসক আইহন বা আয়ান গোপের সঙ্গে রাধার বিয়ে হয়। আয়ান গোচারণ করতে গেলে রাধাকে বৃদ্ধা পিসি বড়ায়ির তত্ত্বধানে রাখা হয়।

- **তাম্বুল খণ্ড:** অন্য গোপ বালিকাদের সাথে রাখা মথুরাতে দই-দুধ বিক্রি করতে যায়। বড়ায়িও যায় তার সাথে। বৃদ্ধা বড়ায়ি পথে রাধাকে হারিয়ে ফেলে এবং রাধার রূপের বর্ণনা দিয়ে কৃষ্ণকে জিজ্ঞাসা করে, এমন রূপসীকে দেখেছে কিনা? রাধার রূপের বর্ণনা শুনে কৃষ্ণ পূর্বরাগ অনুভব করে। সে বড়ায়িকে বুঝিয়ে রাধার জন্য পান ও ফুলের উপহারসহ প্রস্তাব পাঠায়। কিন্তু বিবাহিতা রাধা সেই প্রস্তাব প্রত্যাখ্যান করে।
- **বৃন্দাবন খণ্ড:** রাধার বিরুদ্ধ আচরণ কৃষ্ণের ভাবান্তর ঘটায়। সে অন্য পথ অবলম্বন করে। কৃষ্ণ কটু বাক্য না বলে, দান বা শুল্ক আদায়ের নামে বিড়ম্বনা না করে, বরং বৃন্দাবনকে অপূর্ব শোভায় সাজিয়ে তুলে। রাধা ও গোপীরা সেই শোভা দর্শন করে কৃষ্ণের উপর রাগ ভুলে যায়। কৃষ্ণ সব গোপীকে দেখা দেয়। পরে রাধার সঙ্গে তার দর্শন ও মিলন হয়।
- **বিরহ খণ্ড:** তারপর কৃষ্ণ রাধার উপর উদাসীনতা প্রকাশ করে। মধুমাস সমাগত, তাই রাধা বিরহ অনুভব করে। রাধা বড়ায়িকে বলে, কৃষ্ণকে এনে দিতে। দুধ-দই বিক্রির ছল করে রাধা নিজেও কৃষ্ণকে খোঁজার জন্য বের হয়। অবশেষে বৃন্দাবনে বাঁশি বাজানো অবস্থায় কৃষ্ণকে পাওয়া যায়। কৃষ্ণ রাধাকে বলে, 'তুমি আমাকে নানা সময় লাঞ্ছনা করেছো, ভার বহন করিয়েছো, মায়ের কাছে আমার নামে বিচার দিয়েছো, তাই তোমার উপর আমার মন উঠে গেছে।' রাধা বলে, 'তখন আমি বালিকা ছিলাম, আমাকে ক্ষমা কর। আমি তোমার বিরহে মৃতপ্রায়। তির্যক দৃষ্টি হলেও তুমি আমার দিকে তাকাও।' কৃষ্ণ বলে, 'বড়ায়ি যদি আমাকে বলে যে তুমি রাধাকে প্রেম দাও, তাহলে আমি তোমার অনুরোধ রাখতে পারি।' অবশেষে বড়ায়ি রাধাকে সাজিয়ে দেয় এবং রাধাকৃষ্ণের মিলন হয়। রাধা ঘুমিয়ে পড়লে কৃষ্ণ নিদ্রিতা রাধাকে রেখে কংশ বধ করার জন্য মথুরাতে চলে যায়। ঘুম থেকে উঠে কৃষ্ণকে না দেখে রাধা আবার বিরহকাতর হয়ে পড়ে। রাধার অনুরোধে বড়ায়ি কৃষ্ণের সন্ধানে যায় এবং মধুরাতে কৃষ্ণকে পেয়ে অনুরোধ করে, 'রাধা তোমার বিরহে মৃতপ্রায়। তুমি উন্মাদিনীকে বাঁচাও।' কিন্তু কৃষ্ণ বৃন্দাবনে যেতে চায় না এবং রাধাকে গ্রহণ করতেও চায় না। কৃষ্ণ বলে 'আমি সব ত্যাগ করতে পারি, কিন্তু কটুকথা সহ্য করতে পারি না। রাধা আমাকে কটুকথা বলেছে।'
  ('শ্রীকৃষ্ণকীর্তন' কাব্য এখানেই ছিন্ন। পরবর্তী পৃষ্ঠা পাওয়া যায়নি। তাই এ গ্রন্থের সমাপ্তি কেমন তা জানা যায় না।)

♦ **বৈষ্ণব পদাবলি:** মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ নিদর্শন বৈষ্ণব পদাবলি। রাধা-কৃষ্ণের প্রেমের আড়ালে জীবাত্ম ও পরমাত্মার মিলনলীলাকে প্রাধান্য দিয়ে যে সাহিত্য পদাবলি হয়েছে তাকে বৈষ্ণব পদাবলি বলে।

♦ **গুরুত্বপূর্ণ তথ্যসমূহ:**

- মধ্যযুগের বাংলা সাহিত্যের শ্রেষ্ঠ ধারা বা ফসল বা নিদর্শন- বৈষ্ণব পদাবলি।
- বাঙালি কবি জয়দেবকে (রাজা লক্ষ্মণ সেনের সভাকবি) বৈষ্ণব পদাবলির প্রথম পদকর্তা বলা হয়। রাধাকৃষ্ণের প্রেমলীলা অবলম্বনে রচিত 'গীতগোবিন্দম্' কাব্যটি আদি বৈষ্ণব পদাবলির নির্দশন। তবে তা বাংলায় নয়, সংস্কৃতে।
- বৈষ্ণব পদাবলির আদিকবি বিদ্যাপতি।
- বৈষ্ণব পদাবলি প্রথম বাঙালি কবি- চণ্ডীদাস।
- বৈষ্ণব পদাবলি সবচেয়ে জনপ্রিয় কবি- চণ্ডীদাস।
- বৈষ্ণব পদাবলির অধিকাংশ পদ রচিত হয়েছে ব্রজবুলি ভাষায়।
- ব্রজবুলি হলো বাংলা ও মৈথিলি ভাষার সংমিশ্রণে তৈরি একপ্রকার কৃত্রিম কবিভাষা। মিথিলার কবি বিদ্যাপতি এ ভাষার স্রষ্টা।
- বৈষ্ণব পদাবলিতে ৫টি রস আছে। যথা- মধুর, বাৎসল্য, সখ্য, দাস্য ও শান্ত।
- বৈষ্ণব পদাবলির প্রধান রস মধুর বা শৃঙ্গার রস।
- বৈষ্ণব পদাবলির প্রধান সংকলক বাবা আউল মনোহর দাস। ষোড়শ শতকের শেষার্ধে তিনি 'পদসমুদ্র' গ্রন্থে বৈষ্ণব পদাবলি সংকলিত করেন। এতে প্রায় ১৫ হাজার পদ ছিল।
- বৈষ্ণব পদাবলির পদকর্তা বা কবি: বৈষ্ণব পদাবলির প্রধান পদকর্তা বা চতুষ্টয় হলেন- বিদ্যাপতি, চণ্ডীদাস, জ্ঞানদাস ও গোবিন্দ দাস। তাদের মধ্যে বিদ্যাপতি ও চণ্ডীদাস চৈতন্যপূর্ববর্তী কবি আর জ্ঞানদাস ও গোবিন্দদাস চৈতন্যপরবর্তী কবি। জ্ঞানদাস চণ্ডীদাসের ভাবশিষ্য আর গোবিন্দদাস বিদ্যাপতির ভাবশিষ্য।
- মৈথিল কোকিল: মিথিলার কবি বিদ্যাপতিকে 'মৈথিল কোকিল' বলা হয়। তিনি পদাবলির আদি বৈষ্ণব কবি এবং পদসঙ্গীত ধারার রূপকার। তাঁর উপাধি 'কবি কণ্ঠহার'। তাকে 'অভিনব জয়দেব' নামে ডাকা হত। তিনি বাংলা সাহিত্যে একটি পঙক্তি না লিখেও বাংলায় স্মরণীয় কবি। তিনি ব্রজবুলি ভাষায় রাধা-কৃষ্ণ বিষয়ক পদ রচনা করেন।
- মধ্যযুগে বাংলা সাহিত্যে তিনজন চণ্ডীদাসের আবির্ভাব ঘটেছিল।

## বিগত বছরের গুরুত্বপূর্ণ প্রশ্ন

১. সন্ধি বিচ্ছেদ করুন: 'প্রাতরাশ' [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (সহকারী ব্যবস্থাপক-প্রশাসন)-২০২৩]
ক. প্রতি + রাশ খ. প্রাতঃ + রাশ গ. প্রাত + আশ ঘ. প্রাতঃ + আশ ঙ. কোনোটিই নয় উ: ঘ

২. 'নিষ্ঠুর' এর সন্ধি বিচ্ছেদ কোনটি? [পশ্চিমাঞ্চল গ্যাস কোম্পানি লিমিটেড (সহকারী ব্যবস্থাপক-প্রশাসন)-২০২৩]
ক. নিঃ + ঠুর খ. নি + ঠুর গ. নিস + ঠুর ঘ. নিশ + ঠুর ঙ. কোনোটিই নয় উ: ক

৩. সন্ধি বিচ্ছেদ করুন: 'নিরবধি' [বাংলাদেশ গ্যাস ফিল্ডস লিমিটেড (সহকারী ব্যবস্থাপক)-২০১৭, ২১]
